


# অ্যাপলের নতুন অপারেটিং সিস্টেম মাউনটেন লায়নের কিছু ফিচার

লুৎফুন্নেছা রহমান

নিত্যনতুন প্রযুক্তিপণ্য উপহার দিয়ে প্রযুক্তিবিশ্বে আলোড়ন সৃষ্টিকারী প্রতিষ্ঠান অ্যাপল সম্প্রতি অবমুক্ত করে তার নতুন অপারেটিং সিস্টেম ম্যাক ওএসএক্স মাউনটেন লায়ন। আপল ১৯৮৪ সালের জানুয়ারিতে যখন এর প্রথম অপারেটিং সিস্টেম সিস্টেম ওয়ান (System 1) অবমুক্ত করে, তখন থেকেই প্রযুক্তিবিশ্বে আলোড়ন সৃষ্টি করে গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (GUI)-এর প্রবর্তনের মাধ্যমে। ম্যাকের নতুন অপারেটিং সিস্টেমে যুক্ত হয়েছে আপলের তৈরি আইফোন ও আইপ্যাডের নানা বৈশিষ্ট্য ও প্রোগ্রাম। যেহেতু মাইক্রোসফটের সর্বশেষ অপারেটিং সিস্টেম উইন্ডোজ ৮ কমপিউটারের পাশাপাশি স্মার্টফোন ও ট্যাবলেট সাপোর্ট করে, তাই অ্যাপল প্রতিদ্বন্দ্বী বাজারে টিকে থাকার জন্য এ বিষয়টিকে গুরুত্বের সাথে নেয় এবং তার নতুন অপারেটিং সিস্টেমে এমন কিছু বৈশিষ্ট্য যোগ করে, যা আইফোন এবং আইপ্যাডে রয়েছে।

মাউনটেন লায়নে যেসব সুযোগ-সুবিধা যুক্ত করা হয়েছে সেগুলোর মধ্যে কয়েকটি হলো গেম সেন্টার, এয়ার পে-, নোটিফিকেশন সেন্টারসহ আরো অনেক। এতে আরো সমন্বিত হয়েছে অ্যাপলের ক্লাউডভিত্তিক সুবিধা আইক্লাউড, ম্যাক অ্যাপস্টোর, সামাজিক যোগাযোগ সাইটের অ্যাপলিকেশন, গেটকিপার নামের বিশেষ বৈশিষ্ট্য। ওএসএক্স মাউনটেন লায়নে যেসব বৈশিষ্ট্য যুক্ত করা হয়েছে, তার মধ্যে উলে-খযোগ্য কিছু বৈশিষ্ট্য নিচে দেয়া হলো–

## ডিকটেশন

তৃতীয় প্রজন্মের আইপ্যাডে চালু করা ভয়েজ ট্রান্সক্রিপশন ফিচারটি পাওয়া যাবে ম্যাকের ওএসএক্স মাউনটেন লায়নে। কিবোর্ড শর্টকাট অথবা মেনু অপশন ব্যবহার করে আপনি টেক্সট ফিল্ডে বা উইন্ডোতে বলতে পারেন এবং অ্যাপল সার্ভার আপনার ডিকটেশনকে টেক্সটে অনুবাদ করে দেবে, যা পরে আপনার টেক্সট ফিল্ডে বা ডকুমেন্টে রাখতে পারবেন। এ ক্ষেত্রে সাপোর্টেড ল্যাঙ্গুয়েজ হলো ইংলিশ, ফ্রেঞ্চ, জার্মান, জাপানি এবং স্প্যানিশ।

## ম্যাক ম্যালওয়্যার প্রতিহত

গত বছরই প্রথম ম্যাককে মারাত্মকভাবে ম্যালওয়্যারে আক্রান্ত হতে দেখা গেছে। অ্যাপল ব্যবহারকারীদের জানাতে চায় ম্যালওয়্যার হলো উইন্ডোজের সমস্যা। তবে বর্তমান প্রেক্ষাপটে ওএসএক্স লায়নে অ্যান্টিম্যালওয়্যার ক্যাপাবিলিটি যুক্ত করতে বাধ্য হয়েছে অ্যাপল এবং সেগুলোকে ওএসএক্স মাউনটেন লায়নে উন্নত করা হয়েছে নতুন টুল গেটকিপার (Gatekeeper) সুবিধাসহ। ম্যাক অ্যাপ স্টোর (Mac App Store) থেকে কেনা অ্যাপসে শুধু বাইডিফল্ট ওএসএক্স মাউনটেন লায়ন ইনস্টল করা থাকে। তবে আপনি থার্ড পার্টি অ্যাপলিকেশন ব্যবহার করতে পারবেন বৈধ অ্যাপল ডেভেলপার আইডি ইনস্টলসহ। আপনি গেটকিপার ফিচারকে ডিজ্যাবল করতে পারেন। ফলে ম্যালওয়্যার ম্যাকে অ্যাক্সেস করতে পারলেও নিজে নিজে ইনস্টল হতে পারবে না।

## ক্লাউডে ডকুমেন্ট

আইওএস (iOS)-এর আরেকটি প্রেরণাদায়ক বিষয় হলো– ডেভেলপাররা তাদের অ্যাপসকে আইক্লাউড অ্যানাবল করতে পারেন যাতে অ্যাপলের আইক্লাউড সার্ভিসে ডকুমেন্ট স্টোর ও সেখান থেকে সরাসরি রিট্রাইভ করা যায় ম্যাক ও আইওএস ডিভাইসে অ্যাক্সেস



অ্যাপলের অপারেটিং সিস্টেম মাউনটেন লায়নের ডেস্কটপ ফিচার

করার জন্য। আইওএসে একটি অ্যাপ শুধু তার ফাইল দেখে। আপনি খুব সহজেই সেগুলো অন্যান্য অ্যাপস এবং ম্যাকের ফাইন্ডারের মাঝে কপি বা স্থানান্তর করতে পারবেন।

## অ্যাপস এবং ওয়েবসাইটের জন্য ইউনিফায়েড নোটিফিকেশন

আইওএস উন্নয়নের আরেকটি উলে-খযোগ্য দিক হলো–নোটিফিকেশন সেন্টার (Notification Center)। এটি প্রদান করে সিঙ্গেল ট্রে যা আপনার নির্দিষ্ট করা অ্যাপসের জন্য যেমন লিস্ট করে সব সাম্প্রতিক অ্যালার্ট তেমনি নোটিফিকেশন-এনাবল্ড ওয়েবসাইট এবং অ্যাপল সার্ভিস যেমন সফটওয়্যার আপডেটের লিস্ট করে। বেশ কয়েক ধরনের অ্যালার্ট রয়েছে। সুতরাং আপনি প্রতি অ্যাপি-কেশনে অবৈধ অনুপ্রবেশকারীর লেভেলকে যেমন কাস্টোমাইজ করতে পারবেন, তেমনি নোটিফিকেশনকে ডিজ্যাবল করতে পারবেন।

এখানে অস্থায়ীভাবে সব নোটিফিকেশনকে ডিজ্যাবল করার অপশনও রয়েছে। ওএসএক্স মাউনটেন লায়ন স্বয়ংক্রিয়ভাবে নোটিফিকেশনকে ডিজ্যাবল করতে যথেষ্ট পারদর্শী, বিশেষ করে যখন আইটিউন বা এয়ারপে- মিররিংয়ের মাধ্যমে কি নোট প্রেজেন্টেশন বা স্ট্রিমিং ভিডিও তৈরি করা হয়।

## ব্রাউজার ট্যাব

এখানে একটি ফিচার রয়েছে, যা আইওএসের আগেই ওএসএক্সে আত্মপ্রকাশ করে। মাউনটেন লায়নের নতুন এক অপশন iCloud Tabs সাফারি ৬.০ ভার্সনে পপওভার করার মাধ্যমে আপনাকে সুযোগ দেয় ম্যাকে ওপেন করা ব্রাউজার ট্যাবে অ্যাক্সেস করার যার রয়েছে একই অ্যাপল আইডি। আইক্লাউড ট্যাব আইওএস এবং ওএসএক্স জুড়ে কাজ করতে পারে।

## ম্যাক সাপোর্ট করে সামাজিক সাইট

ওএসএক্স মাউনটেন লায়ন দিয়েছে স্ট্যান্ডার্ড সুযোগ সুবিধা যাতে টুইটার, ফেসবুক, ভিমো এবং অন্যান্য সামাজিক সাইট, ই-মেইল, আইমেসেজ (নতুন চ্যাট সার্ভিস) ও এয়ারড্রপ ইত্যাদি সাফারি ও কুইকটাইমের মাধ্যমে অ্যাপি-কেশনে কনটেন্ট শেয়ার করা যায়। ফেসবুক ও টুইটারে ইন্টিগ্রেশন আরো গভীরে।

## গেম সেন্টার

গত বছর আইওএস চালু করে গেম সেন্টার (Game Center), যার মাধ্যমে আপনি আপনার স্কোর ট্র্যাক করতে পারবেন ও অন্য বন্ধুদের স্কোরের পারফরম্যান্সের সাথে তুলনা করতে পারবেন লিডারবোর্ড এবং অন্যান্য gamification স্কোরিং ম্যাকানিজম ব্যবহার করে। এই গেম সেন্টার ওএসএক্স মাউনটেন লায়নে সম্পৃক্ত হয়েছে। সুতরাং আপনি আইপ্যাড, আইফোন বা আইপড টাচের মাধ্যমে প্রতিযোগিতায় লিপ্ত হতে পারবেন।

## আপডেট

ওএসএক্স মাউনটেন লায়ন সব আপডেটকে কেন্দ্রীভূত করেছে ম্যাক অ্যাপ স্টোরের আপডেট প্যানে। অ্যাপল মেনু থেকে যখন সফটওয়্যার আপডেট করবেন, তখন অ্যাপ স্টোর ওপেন হবে এবং সার্চ করবে। তবে আগের মতো আলাদা অ্যাপ নয়। আপনার সব আপডেট থাকবে এক জায়গায়।

ওএসএক্স মাউনটেন লায়ন অ্যাপ এবং সিস্টেম আপডেটের জন্য চেক করবে দৈনন্দিন সিকিউরিটি প্যাচসহ। এর ফলে আর কাউকে আপডেট সিডিউল সিলেক্ট করতে হবে না, কেননা এটি প্রতিদিন বা ম্যানুয়ালি আপডেট হবে। ওএসএক্সকে কোনো প্রম্পট করা ছাড়াই সিকিউরিটি এবং সিস্টেম আপডেটের জন্য সেট করতে পারবেন বাই ডিফল্ট হিসেবে।

ফিডব্যাক : mahmood@comjagat.com